

খসড়া

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

জাহাজভাঙ্গা ও বিপদজনক বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০১০

সূচী

বিধি	শিরোনাম	পৃষ্ঠা নম্বর
১।	সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন	১
২।	প্রয়োগ	১-২
৩।	সংজ্ঞা	২-৭
৪।	জাহাজভাঙ্গা ও বিপদজনক বর্জ্য সংক্রান্ত জাতীয় কমিটি	৭-১০
৫।	জাহাজভাঙ্গা ও বিপদজনক বর্জ্য ব্যবস্থাপনা কোষ	১১
৬।	পরিচালনকারীর সাধারণ দায়িত্ব	১১-১২
৭।	প্রারম্ভিক নিরাপত্তা প্রতিবেদন	১২-১৩
৮।	নিরাপত্তা নিরীক্ষা প্রতিবেদন	১৩
৯।	জরুরী অবস্থা মোকাবিলার পরিকল্পনা	১৩-১৪
১০।	বড় দুর্ঘটনা সম্পর্কে স্থানীয় জনসাধারণকে সচেতনকরণ	১৫
১১।	বড় দুর্ঘটনা সম্পর্কে অবহিতকরণ	১৫-১৬
১২।	অন্যান্য দুর্ঘটনা সম্পর্কে অবহিতকরণ	১৬
১৩।	বিপদজনক বর্জ্য সংক্রান্ত শিল্প প্রতিষ্ঠান ও কারখানার বার্ষিক প্রতিবেদন	১৬
১৪।	তথ্য সংগ্রহ, প্রক্রিয়া ও প্রকাশকরণ	১৭
১৫।	বিপদজনক পদার্থ ও বিপদজনক বর্জ্য আমদানী ও রপ্তানী	১৭-১৯
১৬।	কতিপয় ক্ষেত্রে বিপদজনক বর্জ্য আমদানী বা রপ্তানীর ছাড়পত্র দেওয়া যাইবে না	১৯
১৭।	অধিদপ্তরের ছাড়পত্র না দেখিয়া বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য আমদানী বা রপ্তানীর লাইসেন্স বা পারমিট ইস্যু করা যাইবে না	১৯
১৮।	বাসেল কনভেনশন (Basel Convention)	২০
১৯।	অবৈধ চলাচল (illegal traffic)	২০
২০।	জাহাজ ভাঙ্গা	২১-২৩
২১।	বর্জ্য সৃজনকারী এবং ব্যবহারকারীর দায়িত্ব	২৩-২৪
২২।	দন্ড	২৪
২৩।	জটিলতা নিরসনে সরকারের ক্ষমতা	২৪

তফসিল	শিরোনাম	পৃষ্ঠা নম্বর
১	বিপদজনক পদার্থ	২৫-৩৭
২-৪	বিপদজনক বর্জ্যের তালিকা	৩৮-৫৫
৫	প্রারম্ভিক নিরাপত্তা প্রতিবেদন	৫৬-৫৭
৬	জরুরী অবস্থা মোকাবিলার পরিকল্পনা	৫৮-৫৯
৭	বড় দুর্ঘটনা সম্পর্কে অবহিতকরণ	৬০
৮	নিরাপত্তা তথ্য বিবরণী (safety data sheet)	৬১-৬৪
৯	বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য আমদানীকারক কর্তৃক সংরক্ষণীয় রেকর্ড	৬৫
১০	আমদানী-রপ্তানী নিষিদ্ধ বিপদজনক বর্জ্যের তালিকা	৬৬-৬৭
১১	জাহাজ ভাঙ্গার ক্ষেত্রে নিরাপত্তা তথ্য বিবরণী	৬৮
১২	জাহাজভাঙ্গার স্থলে জরুরী অবস্থা মোকাবিলার পরিকল্পনা	৬৯-৭০
১৩	জাহাজ ভাঙ্গার স্থলে দুর্ঘটনা সম্পর্কে অবহিতকরণ	৭১
১৪	লৌহজাত নহে এমন ধাতব বর্জ্যের তালিকা	৭২
১৫	পুনর্ব্যবহারোপযোগীকরণযোগ্য বর্জ্য তৈলের বিবরণ	৭৩
ছক		
১	দুর্ঘটনা সংক্রান্ত প্রতিবেদন (বড় দুর্ঘটনা ব্যতীত)	৭৪
২	বিপদজনক বর্জ্য সংক্রান্ত শিল্প প্রতিষ্ঠান ও কারখানার বার্ষিক প্রতিবেদন	৭৫
৩	লৌহজাত নহে এমন ধাতব বর্জ্য, ব্যবহৃত তৈল এবং বর্জ্য তৈল সৃজনকারী শিল্প প্রতিষ্ঠান ও কারখানা পরিচালনকারীর বার্ষিক বিবরণী	৭৬
৪	লৌহজাত নহে এমন ধাতব বর্জ্য, ব্যবহৃত তৈল এবং বর্জ্য তৈল পুনর্ব্যবহারোপযোগীকারী, পুনঃপরিশোধনকারী এবং পোড়াইয়া বিনষ্টকারী চুল্লী পরিচালনকারীর বার্ষিক বিবরণ	৭৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

এস. আর.ও নং- আইন/২০০৯- বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১নং আইন) এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিবন্ধন বিধিমালা প্রণয়ন করিল, যথা :-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।- (১) এই বিধিমালা জাহাজভাঙ্গা ও বিপদজনক বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০১০ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা বাংলাদেশ গেজেটে প্রকাশের তারিখ হইতে কার্যকর হইবে।

২। প্রয়োগ।- এই বিধিমালা এতদসঙ্গে সংযুক্ত তফসিলে বর্ণিত জাহাজভাঙ্গা ও বিপদজনক বর্জ্যের ক্ষেত্রে প্রযোজ্য হইবে, কিন্তু নিবন্ধন ক্ষেত্রে প্রযোজ্য হইবে না —

(১) The Arms Act, 1878 (Act No. XI of 1878) ও তদধীন প্রণীত বিধিমালায় বর্ণিত বিপদজনক পদার্থ;

(২) The Smoke Nuisances Act, 1905 (Act No. III of 1905) ও তদধীন প্রণীত বিধিমালায় বর্ণিত বিপদজনক পদার্থ;

(৩) The White Phosphorus Matches Prohibition Act, 1913 (Act No. V of 1913) এ বর্ণিত white or yellow phosphorus;

- (৪) The Poisons Act, 1919 (Act No. XII of 1919) ও তদধীন প্রণীত বিধিমালা যে সকল পদার্থের ক্ষেত্রে প্রযোজ্য সেই সকল পদার্থ;
- (৫) The Petroleum Act, 1934 (Act No. XXX of 1934) ও তদধীন প্রণীত বিধিমালায় বর্ণিত সকল প্রকার পেট্রোলিয়াম (petroleum);
- (৬) The Pesticides Ordinance, 1971 (Ordinance No. 11 of 1971) ও তদধীন প্রণীত বিধিমালায় বর্ণিত কীটনাশক (pesticides);
- (৭) পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২১ নং আইন) ও তদধীন প্রণীত বিধিমালায় বর্ণিত পারমাণবিক পদার্থ, তেজস্ক্রিয় বিকিরণ উৎপাদনকারী পদার্থ ও তেজস্ক্রিয় বর্জ্য;
- (৮) এসিড নিয়ন্ত্রণ আইন, ২০০২ (২০০২ সনের ১ নং আইন) ও তদধীন প্রণীত বিধিমালায় বর্ণিত এসিড;
- (৯) রাসায়নিক অস্ত্র (নিষিদ্ধকরণ) আইন, ২০০৬ (২০০৬ সনের ৩৭ নং আইন) ও তদধীন প্রণীত বিধিমালায় বর্ণিত রাসায়নিক দ্রব্য ও রাসায়নিক অস্ত্র।

৩। সংজ্ঞা।- বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় —

- (অ) “অধিদপ্তর” অর্থ আইনের ধারা ৩ এর উপ-ধারা (১) অনুসারে স্থাপিত পরিবেশ অধিদপ্তর;
- (আ) “অবৈধ চলাচল” অর্থ অবৈধভাবে রাষ্ট্রীয় সীমা অতিক্রম করা;
- (ই) “আইন” অর্থ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১নং আইন);
- (ঈ) “আমদানীকারক” অর্থ যিনি বা যাঁহারা বাংলাদেশের বাহির হইতে ভাঙ্গার জন্য জাহাজ বা বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য বাংলাদেশে আনয়ন করেন;

- (উ) “কারখানা” অর্থ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ২ এর দফা (৭) এ সংজ্ঞায়িত কারখানা;
- (উ) “ছক” অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত ছক;
- (ঋ) “ছাড়পত্র” অর্থ পরিবেশ অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত জাহাজ ভাঙ্গা, বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য সংক্রান্ত ছাড়পত্র;
- (এ) “ট্রানজিট (transit) রাষ্ট্র” অর্থ সেই রাষ্ট্র যাহার উপর দিয়া বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য পরিবহণ করা হয় বা করার পরিকল্পনা থাকে কিন্তু উক্ত রাষ্ট্র সংশ্লিষ্ট বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্যের আমদানীকারক বা রপ্তানীকারক রাষ্ট্র নহে;
- (ঐ) “তফসিল” অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;
- (ও) “দোকান” অর্থ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ২ এর দফা (২১) এ সংজ্ঞায়িত দোকান;
- (ঔ) “নিবন্ধিত পুনর্ব্যবহারোপযোগীকারী বা পুনঃপরিশোধনকারী বা পুনর্ব্যবহারকারী” অর্থ বিপদজনক বর্জ্য পুনর্ব্যবহারোপযোগীকারী বা পুনঃপরিশোধনকারী বা পুনর্ব্যবহারকারী;
- (ক) “পরিচালনকারী” অর্থ কোন ব্যক্তি যিনি জাহাজ ভাঙ্গা কার্যক্রম বা বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য প্রক্রিয়াকারী শিল্প প্রতিষ্ঠান, বেচাকেনা বা দোকানদারী কার্যক্রম বা পরিবহণ কার্যক্রম বা পাইপলাইন বা মওজুদকরণ কার্যক্রম বা গুদামে রক্ষণ কার্যক্রম বা কোথায়ও স্তুপীকরণ কার্যক্রম বা কোথায়ও ফেলিয়া দেওয়ার কার্যক্রম, মালিক হিসাবে অথবা কর্মকর্তা বা কর্মচারী বা শ্রমিক হিসাবে অথবা ঠিকাদার হিসাবে, পরিচালন করেন;
- (খ) “পরিত্যাজন” অর্থ বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য চূড়ান্তভাবে কোন জায়গায় ফেলিয়া দেওয়া বা জমা করা;

- (গ) “পরিবহণ” অর্থ স্থল, জল বা আকাশ পথে বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য এক স্থান হইতে অন্যত্র নেওয়া;
- (ঘ) “পরিবহণকারী” অর্থ বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য পরিবহণে নিয়োজিত (engaged) ব্যক্তি;
- (ঙ) “পাইপলাইন (pipeline)” অর্থ তফসিল ৩ এর অংশ ২ এর কলাম ২ এ বর্ণিত বিপদজনক পদার্থ পরিবহণের জন্য ব্যবহৃত পাইপ এবং উহার সহিত সংযোজিত সরঞ্জামাদি;
- (চ) “পুনর্ব্যবহার (reuse)” অর্থ কোন বিপদজনক পদার্থ ব্যবহৃত হওয়ার পর একই উদ্দেশ্যে বা ভিন্ন উদ্দেশ্যে পুনরায় ব্যবহারকরণ;
- (ছ) “পুনর্ব্যবহারোপযোগীকরণ (recycling)” অর্থ কোন বিপদজনক বর্জ্য হইতে ব্যবহারোপযোগী বস্তু উদ্ধারের নিমিত্ত এক বা একাধিক প্রযুক্তি দ্বারা উক্ত বিপদজনক বর্জ্য প্রক্রিয়াকরণ;
- (জ) “পুনর্ব্যবহারোপযোগীকারী (recycler)” অর্থ কোন ব্যক্তি যিনি বা যাহারা পুনর্ব্যবহারোপযোগীকরণ সুবিধার মালিক বা পুনর্ব্যবহারোপযোগীকরণ কার্যক্রম পরিচালন করেন;
- (ঝ) “পুনর্ব্যবহারোপযোগীকরণে নিরাপদ (safe for recycling)” অর্থ এমন বিপদজনক বর্জ্য যাহাতে বিপদজনক উপকরণ উদ্ধারযোগ্য বস্তুর ৬০% এর অধিক নহে এবং যাহা পরিবেশসম্মত প্রযুক্তি দ্বারা পুনর্ব্যবহারোপযোগী করা যাইতে পারে;
- (ঞ) “পুনরুদ্ধার (recovery)” অর্থ এমন প্রক্রিয়া যাহার মাধ্যমে বিপদজনক বর্জ্য হইতে নির্দিষ্ট বস্তু উদ্ধার করা যায়;

- (ট) “প্রক্রিয়াকরণ (treatment)” অর্থ এমন পদ্ধতির প্রয়োগ যাহার ফলে কোন বিপদজনক পদার্থের ভৌত, রাসায়নিক বা জৈব গঠন বা গুণগত পরিবর্তন সাধিত হয় এবং উহার ক্ষতিকর ক্ষমতাহ্রাস পায়;
- (ঠ) “বড় দুর্ঘটনা (major accident)” অর্থ এমন দুর্ঘটনা যাহার ফলে জাহাজ ভাঙ্গা বা বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য প্রক্রিয়াকারী শিল্প প্রতিষ্ঠান বা কারখানা বা বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য রাখা দোকান বা গুদামের অভ্যন্তরে বা বাহিরে কোন মানুষ বা প্রাণীর প্রাণ সংহার হয় অথবা ১০ (দশ) বা ততোধিক ব্যক্তি আহত হয় অথবা বিষাক্ত পদার্থ নির্গমণ হয় বা ছলকে পড়ে অথবা বিস্ফোরণ বা অগ্নিকাণ্ড ঘটে যাহার পরিণামে পরিবেশের ক্ষতি সাধিত হয়;
- (ড) “বর্জ্য (waste)” অর্থ যে কোন তরল, বায়বীয়, কঠিন, তেজস্ক্রিয় পদার্থ যাহা নির্গত, নিষ্কিষ্ট, বা স্তুপীকৃত হইয়া পরিবেশের ক্ষতিকর পরিবর্তন সাধন করে;
- (ঢ) “বিপদজনক পদার্থ (hazardous substances)” অর্থ —
- (১) যে পদার্থ তফসিল ১ এর অংশ ১ এ বর্ণিত যে কোন মানমাত্রা পূরণ করে এবং তফসিল ১ এর অংশ ২ এ বর্ণিত পদার্থ;
- (২) সরকার সময় সময় যে সকল পদার্থ বিপদজনক পদার্থ বলিয়া সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা ঘোষণা করিবে সেই সকল পদার্থ;
- (ণ) “জাহাজ ভাঙ্গা ও বিপদজনক বর্জ্য ব্যবস্থাপনা কোষ” অর্থ বিধি ৫ অনুসারে গঠিত জাহাজ ভাঙ্গা ও বিপদজনক বর্জ্য ব্যবস্থাপনা কোষ;
- (ত) “জাহাজ ভাঙ্গা ও বিপদজনক বর্জ্য সংক্রান্ত জাতীয় কমিটি” অর্থ বিধি ৪ অনুসারে গঠিত জাহাজ ভাঙ্গা ও বিপদজনক বর্জ্য সংক্রান্ত জাতীয় কমিটি;
- (থ) “জাহাজ ভাঙ্গা বা বিপদজনক বর্জ্যের পরিবেশসম্মত ব্যবস্থাপনা” অর্থ জাহাজ ভাঙ্গা বা বিপদজনক বর্জ্য ব্যবস্থাপনায় সামগ্রিকভাবে এমন সকল ব্যবস্থা গ্রহণ যাহাতে

সংশ্লিষ্ট দ্রব্য বা বর্জ্যের ক্রিয়া, প্রক্রিয়া বা বিক্রিয়ার ফলে স্বাস্থ্যের বা পরিবেশের ক্ষতি সাধিত না হয়;

(দ) “বিপদজনক বর্জ্য (hazardous waste)” অর্থ এমন বর্জ্য যাহা উহার প্রাকৃতিক বা ভৌত (physical), রাসায়নিক (chemical), বিক্রিয়া (reactive), বিষাক্ত (toxic), দাহ্য (flammable), বিস্ফোরক (explosive) বা ক্ষয়কর (corrosive) ধর্মহেতু এককভাবে অথবা অন্য কোন বর্জ্য বা পদার্থের সংস্পর্শ লাভের ফলে স্বাস্থ্যের বা পরিবেশের ক্ষতি সাধন করিতে পারে এবং নিবোক্ত বর্জ্যাদিও উহার অন্তর্ভুক্ত হইবে —

(১) তফসিল ২ এর কলাম ৩ এ তালিকাভুক্ত বর্জ্যসমূহ;

(২) ঐ সকল বর্জ্য যাহার উপকরণ তফসিল ৩ এ বর্ণিত যে কোন এক বা একাধিক পদার্থ দ্বারা গঠিত যাহার গাঢ়ত্ব (concentration) উক্ত তফসিলে বর্ণিত মানমাত্রার সমান বা অধিক;

(৩) তফসিল ৪ এর অংশ ১ এর তালিকা ‘ক’ ও ‘খ’ ভুক্ত বর্জ্য যদি উহার মধ্যে উক্ত তফসিলের অংশ ২ এ বর্ণিত গুণাবলী বিদ্যমান বলিয়া পরিলক্ষিত হয়;

(ধ) “বিপদজনক বর্জ্য প্রক্রিয়াকরণ সুবিধা (facility)” অর্থ যেখানে বিপদজনক বর্জ্য সৃজন, গ্রহণ, প্রক্রিয়াকরণ, গুদামজাতকরণ বা পরিত্যাজন অথবা বিপদজনক বর্জ্য হইতে নির্দিষ্ট বস্তু পুনরুদ্ধারকরণ সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করা হয়;

(ন) “বিপদজনক বর্জ্য প্রক্রিয়াকরণ সুবিধা পরিচালনকারী” অর্থ সেই ব্যক্তি যিনি বিপদজনক বর্জ্য প্রক্রিয়াকরণ সুবিধার মালিক বা তদ্রূপ সুবিধা পরিচালনা করেন;

(প) “ব্যক্তি (person)” অর্থ কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ এবং সংবিধিবদ্ধ হউক বা না হউক, কোন কোম্পানী, সমিতি বা সংস্থাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

- (ফ) “মণ্ডুদ (storage)” অর্থ কোন বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য পরবর্তীতে ব্যবহারের বা অন্যত্র প্রেরণ বা অপসারণের উদ্দেশ্যে এক স্থানে জমা করিয়া রাখা;
- (ব) “মন্ত্রণালয়” অর্থ পরিবেশ ও বন মন্ত্রণালয়;
- (ভ) “মালামালের তালিকা (manifest)” অর্থ কোন যানবাহনে পরিবহণ করা মালামালের তালিকা;
- (ম) “রপ্তানী (export)” অর্থ কোন কিছু বাংলাদেশের অভ্যন্তর হইতে বাহিরে লইয়া যাওয়া;
- (য়) “রপ্তানীকারক (exporter)” অর্থ কোন ব্যক্তি যিনি বা যাহারা কোন দেশ বা দেশের অধীন স্থান হইতে কোন বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য অন্য দেশে রপ্তানী করেন এবং যেই দেশ বা দেশের অধীন স্থান হইতে রপ্তানী করা হয় সেই দেশও রপ্তানীকারক বলিয়া গণ্য হইবে;
- (র) “রাষ্ট্রীয় সীমা বহির্ভূত পরিবহণ (transboundary movement)” অর্থ কোন রাষ্ট্র বা কোন রাষ্ট্রের অধীন স্থান হইতে কোন বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য অন্য রাষ্ট্রীয় সীমার উপর দিয়া অথবা কোন রাষ্ট্রীয় সীমার অন্তর্ভুক্ত নহে এমন স্থানের উপর দিয়া পরিবহণ করিয়া অন্য রাষ্ট্রে বা রাষ্ট্রের অধীন স্থানে লইয়া যাওয়া;
- (ল) “শিল্প প্রতিষ্ঠান” অর্থ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ২ এর দফা (৬১) এ সংজ্ঞায়িত শিল্প প্রতিষ্ঠান।

৪। জাহাজভাঙ্গা ও বিপদজনক বর্জ্য সংক্রান্ত জাতীয় কমিটি।- (১) জাহাজভাঙ্গা ও বিপদজনক বর্জ্য সংক্রান্ত একটি জাতীয় কমিটি থাকিবে, যাহার গঠন হইবে নিবন্ধন :-

- | | | | |
|-----|--|---|--------|
| (১) | মন্ত্রণালয়ের সচিব | — | সভাপতি |
| (২) | বাংলাদেশ নৌ বাহিনীর প্রতিনিধি (কমান্ডার এর নিচে নহে) | — | সদস্য |

(৩)	পরিচালক (পদার্থ), বাংলাদেশ স্ট্যাভার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)	—	সদস্য
(৪)	পরিচালক (উদ্ভিদ সংরক্ষণ উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	—	সদস্য
(৫)	পরিচালক (১), (ডব্লিউটিও), বাণিজ্য মন্ত্রণালয়	—	সদস্য
(৬)	নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর	—	সদস্য
(৭)	প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক অধিদপ্তর	—	সদস্য
(৮)	পরিচালক, হাইড্রোকার্বন ইউনিট	—	সদস্য
(৯)	বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক এবং চেয়ারম্যান, বিদ্যুৎ লাইসেন্স বোর্ড	—	সদস্য
(১০)	পরিচালক, মৎস্য গবেষণা প্রতিষ্ঠান	—	সদস্য
(১১)	সদস্য/পরিচালক, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	—	সদস্য
(১২)	সদস্য/পরিচালক, বাংলাদেশ শিল্প ও গবেষণা পরিষদ	—	সদস্য
(১৩)	উপ-প্রধান পরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর	—	সদস্য
(১৪)	পরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড	—	সদস্য
(১৫)	পরিচালক, বর্ডার গার্ডস অব বাংলাদেশ	—	সদস্য
(১৬)	সহকারী মহাপরিদর্শক (অপরাধ), পুলিশ সদর দপ্তর	—	সদস্য
(১৭)	সহকারী মহাপরিদর্শক, অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)	—	সদস্য
(১৮)	পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক), স্বাস্থ্য অধিদপ্তর	—	সদস্য
(১৯)	পরিচালক, সমুদ্র পরিবহন অধিদপ্তর	—	সদস্য
(২০)	পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট	—	সদস্য
(২১)	এফবিসিসিআই-এর প্রতিনিধি	—	সদস্য
(২২)	বাংলাদেশ এনভায়রনমেন্টাল ল'ইয়ার্স এসোসিয়েশন (বেলা)-এর প্রতিনিধি	—	সদস্য
(২৩)	বাংলাদেশ ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (বুয়েট)-এর শিক্ষক	—	সদস্য
(২৪)	চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মেরিগন বায়োলজীর শিক্ষক	—	সদস্য
(২৫)	ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা বিজ্ঞানের শিক্ষক	—	সদস্য
(২৬)	সংশ্লিষ্ট স্থানীয় সরকারের প্রতিনিধি	—	সদস্য

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কমিটির কর্তব্য হইবে নিবন্ধন —

- (অ) এই বিধিমালার কোন বিধান বা এই বিধিমালার সহিত সংযোজিত কোন তফসিলের কোন বিষয় সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দিলে তাহা সংশোধনের পদক্ষেপ গ্রহণ;
- (আ) কেহ বাংলাদেশের উপর দিয়া কোন বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য পরিবহণ (transit) করার অনুমতি চাহিলে সেই ব্যাপারে সিদ্ধান্ত প্রদান এবং প্রাসঙ্গিক ক্ষেত্রে শর্তারোপকরণ;
- (ই) বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য প্রক্রিয়াকরণ (treatment) বা নিষ্পন্ন বা বিলিবন্দেজকরণ (disposal) সংক্রান্ত মান ও বর্ণনা নির্ধারণ;
- (ঈ) বিপদজনক বর্জ্যের বৈশিষ্ট্য নিরূপণের পদ্ধতি নির্ধারণ (procedure for characterization of hazardous wastes);
- (উ) খাতওয়ারী বর্জ্য স্রোতের বিবরণ প্রস্তুতকরণ (sector specific documentation to identify waste streams) যাহার প্রেক্ষিতে এই বিধিমালায় প্রয়োজনীয় সংশোধন আনয়ন করা যায়;
- (ঊ) বিপদজনক বর্জ্য সৃজন হ্রাসকরণের লক্ষ্যে নির্দেশিকা (guidelines) প্রণয়ন ও প্রকাশকরণ এবং উপযুক্ত কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন;
- (ঋ) বিপদজনক বর্জ্য প্রক্রিয়াকরণ, মণ্ডলীকরণ এবং পরিত্যাগের জন্য সাধারণ স্থান চিহ্নিতকরণ (identification of sites for common treatment, storage and disposal facility) এবং প্রতি বছর জানুয়ারী মাসের প্রথম ১৫ (পনের) দিনের মধ্যে পূর্ববর্তী বছর চিহ্নিত স্থানসমূহের বিবরণ জাতীয় পর্যায়ে কমপক্ষে দুইটি

বাংলা ও দুইটি ইংরেজী দৈনিক পত্রিকায় এবং মন্ত্রণালয় ও অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের পদক্ষেপ গ্রহণ;

(এ) কোন বিপদজনক পদার্থ বা কোন বিপদজনক বর্জ্য আমদানীযোগ্য বা রপ্তানীযোগ্য কিনা সেই ব্যাপারে সিদ্ধান্ত প্রদান;

(ঐ) প্রয়োজনীয় ক্ষেত্রে বিপদজনক পদার্থ ও বিপদজনক বর্জ্য সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি জারীকরণ ও গণ-শুনানীর পদক্ষেপ গ্রহণ।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত কমিটির সভায় সভাপতি তথা মন্ত্রণালয়ের সচিব সভাপতিত্ব করিবেন :

তবে তাঁহার অনুপস্থিতিতে বা অপারগতায় মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব সভাপতিত্ব করিবেন।

(৪) উপ-বিধি (১) এ উল্লিখিত কমিটির সভায় যে কোন ৮ (আট) জন সদস্যের উপস্থিতিতে কোরাম (quoram) হইবে এবং জরুরী প্রয়োজনের ক্ষেত্রে এক কর্মদিনে নোটিশ জারী করিয়া পরবর্তী কর্মদিনে সভা অনুষ্ঠান করা যাইবে;

ব্যখ্যা : ই-মেইল এর মাধ্যমে সভার নোটিশ জারী করা হইলে উহা যথাযথভাবে জারী করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৫) উপ-বিধি (১) এ উল্লিখিত কমিটির সভার নোটিশ এবং কার্যবিবরণী মন্ত্রণালয়ের এবং অধিদপ্তরের ওয়েবসাইট (website) এ প্রকাশ করিতে হইবে।

৫। জাহাজভাঙ্গা ও বিপদজনক বর্জ্য ব্যবস্থাপনা কোষ।- (১) অধিদপ্তরের সংশ্লিষ্ট পরিচালক (পরিবেশগত ছাড়পত্র) এর অধীনে জাহাজভাঙ্গা ও বিপদজনক বর্জ্য ব্যবস্থাপনা কোষ নামে একটি কোষ থাকিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কোষের প্রয়োজনীয় জনবলের জন্য সরকার পদ সৃজন করিবে এবং সেই পদে উপযুক্ত লোক নিয়োগ করিবে।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত কোষে জাহাজভাঙ্গা ও বিপদজনক বর্জ্য সংক্রান্ত জাতীয় কমিটিকে সাচিবিক সেবা প্রদান করিবে এবং উক্ত কমিটির নথিপত্র যথাযথভাবে সংরক্ষণ করিবে।

(৪) উপ-বিধি (১) এ উল্লিখিত কোষ অধিদপ্তরের দাখিলকৃত জাহাজভাঙ্গা ও বিপদজনক বর্জ্য সংক্রান্ত যাবতীয় চিঠিপত্র প্রক্রিয়া করিবে এবং জাহাজভাঙ্গা ও বিপদজনক বর্জ্য সংক্রান্ত যাবতীয় তথ্য উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও প্রক্রিয়া করিবে।

৬। পরিচালনকারীর সাধারণ দায়িত্ব।- পরিচালনকারীর দায়িত্ব হইবে —

(অ) সংশ্লিষ্ট বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য হিসাবে গ্রহণ করার সময় উহার দালিলিক ও বস্তুগত সামঞ্জস্যতা যাচাই করিয়া লওয়া;

(আ) দফা (অ) এ উল্লিখিত পদার্থ বা বর্জ্য সতর্কতার সহিত সংরক্ষণ করা যাহাতে কোন প্রকার দুর্ঘটনা ঘটিবার আশংকা না থাকে;

(ই) দফা (অ) এ উল্লিখিত পদার্থ বা বর্জ্য ব্যবহারের এবং উহা হইতে উৎপাদিত পণ্য ও বর্জ্যের বিস্তারিত হিসাব সংরক্ষণ করা;

- (ঈ) দফা (ই) এ উল্লিখিত পণ্য ও বর্জ্য কখন কোথায় কি পরিমাণে বিক্রয় করা বা সরবরাহ করা বা পরিত্যাগ করা হয় তাহার বিস্তারিত বিবরণ সংরক্ষণ করা;
- (উ) পরিচালনকারীর কার্যক্রমের বিভিন্ন পর্যায়ে অংশগ্রহণকারী কর্মকর্তা ও কর্মচারীদের সম্ভাব্য দুর্ঘটনা প্রতিরোধ এবং দুর্ঘটনার পর করণীয় ও অকরণীয় সম্পর্কে পর্যাণ্ড প্রশিক্ষণদান এবং প্রয়োজনীয় সরঞ্জামাদি দ্বারা সজ্জিতকরণ ও প্রয়োজনীয় ঔষধ ও রাসায়নিক পদার্থ সহজলভ্যকরণ।

৭। প্রারম্ভিক নিরাপত্তা প্রতিবেদন।- (১) বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য ব্যবহৃত হয় বা গুদামে রাখা হয় বা দোকানে রাখা হয় বা পরিবহণ করা হয় বা বিক্রয় করা হয় বা পরিশোধন করা হয় বা পুনর্ব্যবহার করা হয় বা পরিত্যাগ করা হয় বা ফেলিয়া দেওয়া হয় এমন কার্যক্রম পরিচালনকারী সংশ্লিষ্ট কার্যক্রম শুরু করার কমপক্ষে ৬০ (ষাট) দিন পূর্বে তফসিল ৫ এ উল্লিখিত তথ্যাদি সম্বলিত একটি প্রতিবেদন অধিদপ্তরের মহাপরিচালক সমীপে দাখিল করিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত যে কার্যক্রম এই বিধিমালা প্রবর্তনের পূর্বে চালু করা হইয়াছে এবং এখনও চলমান আছে সেই কার্যক্রম পরিচালনকারী এই বিধিমালা প্রবর্তনের তারিখ হইতে ৬ (ছয়) মাসের মধ্যে তফসিল ৫ এ উল্লিখিত তথ্যাদি সম্বলিত একটি প্রতিবেদন অধিদপ্তরের মহাপরিচালক সমীপে দাখিল করিবেন।

(৩) উপ-বিধি (১) বা (২) এ উল্লিখিত প্রতিবেদন প্রাপ্তির পর অধিকতর তথ্যের প্রয়োজনীয়তা দেখা দিলে কি কি তথ্য প্রয়োজন তাহা স্পষ্টভাবে উল্লেখ করিয়া প্রারম্ভিক নিরাপত্তা প্রতিবেদন প্রাপ্তির তারিখ হইতে ১৫ (পনের) দিনের মধ্যে মহাপরিচালক সংশ্লিষ্ট পরিচালনকারী সমীপে পত্র দিবেন এবং উক্ত পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট

পরিচালনকারী চাহিত তথ্যাদি সম্বলিত একটি সম্পূরক প্রতিবেদন মহাপরিচালক সমীপে দাখিল করিবেন।

৮। নিরাপত্তা নিরীক্ষা প্রতিবেদন।- প্রত্যেক গ্রেগরিয়ান পঞ্জিকা বর্ষ শেষে পরবর্তী মার্চ মাসের ৩১ (একত্রিশ) তারিখের মধ্যে প্রত্যেক পরিচালনকারী তাঁহার কার্যক্রমের নিরাপত্তার দিকসমূহ অধিদপ্তরে তালিকাভুক্ত বিপদজনক পদার্থ নিরীক্ষক দ্বারা নিরীক্ষা করাইবেন এবং তৎপরবর্তী জুন মাসের ৩০ (ত্রিশ) তারিখের মধ্যে বিস্তারিত নিরাপত্তা নিরীক্ষা প্রতিবেদন মহাপরিচালক সমীপে দাখিল করিবেন।

৯। জরুরী অবস্থা মোকাবিলার পরিকল্পনা।- (১) প্রত্যেক পরিচালনকারী তাঁহার প্রত্যেক কার্যক্রমস্থলে জরুরী অবস্থা মোকাবিলার জন্য তফসিল ৬ এ উল্লিখিত তথ্যাদিসহ বিস্তারিত পরিকল্পনা কার্যক্রম চালু করার পূর্বে প্রস্তুত করিয়া এক প্রস্থ মহাপরিচালক সমীপে দাখিল করিবেন, উহার পর্যাপ্ত কপি সংশ্লিষ্ট কর্মস্থলে রাখিবেন এবং সময় সময় উহা হালনাগাদ করিয়া সংরক্ষণ করিবেন।

(২) যে কার্যক্রম এই বিধিমালা প্রবর্তনের পূর্বে চালু করা হইয়াছে সেই ক্ষেত্রে এই বিধিমালা কার্যকর করার তারিখ হইতে ১৮০ (একশত আশি) দিনের মধ্যে সংশ্লিষ্ট পরিচালনকারী উপ-বিধি (১) এ উল্লিখিত জরুরী অবস্থা মোকাবিলার পরিকল্পনা প্রস্তুত করিয়া এক প্রস্থ মহাপরিচালক সমীপে দাখিল করিবেন, উহার পর্যাপ্ত কপি কর্মস্থলে রাখিবেন এবং সময় সময় উহা হালনাগাদ করিবেন।

(৩) জরুরী অবস্থা মোকাবিলার পরিকল্পনায় কোন পরিবর্তন করা হইলে সংশ্লিষ্ট পরিবর্তন সাধনের তারিখ হইতে ১৫ (পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট পরিচালনকারী তাহা সবিস্তারে মহাপরিচালককে অবহিত করিবেন।

(৪) উপ-বিধি (১) এ উল্লিখিত পরিকল্পনায় কাহার কি কি দায়িত্ব ও কর্তব্য তাহা দ্ব্যর্থহীনভাবে উল্লেখ থাকিতে হইবে এবং তাহা সংশ্লিষ্ট ব্যক্তিকে অবগত করাইয়া রাখিতে হইবে।

(৫) যে তারিখে জরুরী অবস্থা মোকাবিলার পরিকল্পনা মহাপরিচালক সমীপে দাখিল করা হইবে সেই তারিখ হইতে অনধিক ৬ (ছয়) মাস পর পর সংশ্লিষ্ট পরিচালনকারী উক্ত পরিকল্পনা বাস্তবায়নের মহড়া অনুষ্ঠান করিবেন।

(৬) উপ-বিধি (৫) এ উল্লিখিত মহড়া অনুষ্ঠানের জন্য ধার্য তারিখ, সময় ও স্থান কমপক্ষে ১ (এক) মাস পূর্বে সংশ্লিষ্ট পরিচালনকারী মহাপরিচালককে অবহিত করিবেন এবং মহাপরিচালক তাহার প্রতিনিধি দ্বারা উক্ত মহড়া পরিদর্শনের পদক্ষেপ গ্রহণ করিবেন।

(৭) জরুরী অবস্থা মোকাবিলার পরিকল্পনায় বা উহার বাস্তবায়ন অনুশীলন মহড়ায় কোন ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হইলে বা কোন বিষয়ে অধিকতর উৎকর্ষ সাধনের প্রয়োজনীয়তা অনুভূত হইলে মহাপরিচালক সংশ্লিষ্ট পরিচালনকারীকে সেই ব্যাপারে বিস্তারিত দিক নির্দেশনা প্রদান করিবেন।

(৮) উপ-বিধি (৭) এ উল্লিখিত দিক নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে পরিচালনকারী তাহা বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন মহাপরিচালক সমীপে দাখিল করিবেন।

১০। বড় দুর্ঘটনা সম্পর্কে স্থানীয় জনসাধারণকে সচেতনকরণ।- শিল্প প্রতিষ্ঠান বা পাইপলাইন চালু করার পূর্বে এবং ক্ষেত্রমত, পূর্ব হইতে চালু শিল্প প্রতিষ্ঠান বা পাইপলাইন এর ক্ষেত্রে এই বিধিমালা প্রবর্তনের তারিখ হইতে ৯০ (নব্বই) দিনের মধ্যে প্রত্যেক পরিচালনকারী সম্ভাব্য দুর্ঘটনার প্রকৃতি, দুর্ঘটনার সময় ও দুর্ঘটনার অব্যবহিত পর করণীয় ও অকরণীয় সম্পর্কে স্থানীয় জনসাধারণের মধ্যে সচেতনতা সৃজনের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা ক্ষেত্রমত, পৌরসভা বা সিটি কর্পোরেশনের মাধ্যমে ব্যাপক প্রচার কার্য পরিচালনার উদ্যোগ গ্রহণ করিবেন।

১১। বড় দুর্ঘটনা সম্পর্কে অবহিতকরণ।- (১) কোন পরিচালনকারীর কার্যক্রমস্থলে বা পাইপলাইনে বড় দুর্ঘটনা সংঘটিত হইলে সংশ্লিষ্ট পরিচালনকারী উক্ত দুর্ঘটনা সংঘটিত হওয়ার ৪৮ (আটচল্লিশ) ঘন্টার মধ্যে তফসিল ৭ অনুসারে প্রাসঙ্গিক তথ্যাদি মহাপরিচালককে অবহিত করিবেন।

(২) মহাপরিচালক কোন পরিচালনকারীর কার্যক্রমস্থলে বা পাইপলাইনে বড় দুর্ঘটনা সংঘটিত হওয়ার খবর পাওয়ার সাথে সাথে সেখানে এক বা একাধিক উপযুক্ত কর্মকর্তা প্রেরণ করিবেন।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত কর্মকর্তা বা কর্মকর্তাগণ ঘটনাস্থল হইতে ফিরিয়া আসার ৪৮ (আটচল্লিশ) ঘন্টার মধ্যে উক্ত দুর্ঘটনার কারণ ও পরিণাম সংক্রান্ত বিস্তারিত লিখিত বা মুদ্রিত প্রতিবেদন মহাপরিচালক সমীপে দাখিল করিবেন।

(৪) বড় দুর্ঘটনার পুনরাবৃত্তি পরিহারকল্পে সংশ্লিষ্ট পরিচালনকারী কি কি পদক্ষেপ গ্রহণ করিয়াছেন তাহা ঘটনার তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মহাপরিচালককে অবহিত করিবেন।

(৫) প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনা ও বিশ্লেষণ করিয়া মহাপরিচালক ঘটনার তারিখ হইতে ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট পরিচালনকারীকে প্রয়োজনীয় পরামর্শ, যদি থাকে, দিবেন এবং সমগ্র বিষয় সবিস্তারে মন্ত্রণালয়কে অবহিত করিবেন।

(৬) মহাপরিচালক ৩১শে মার্চ তারিখের মধ্যে পূর্ববর্তী গ্রেগরিয়ান পঞ্জিকা বৎসরে সমগ্র দেশে সংঘটিত বড় দুর্ঘটনা ও অন্যান্য দুর্ঘটনার বার্ষিক বিবরণ মন্ত্রণালয় সমীপে দাখিল করিবেন এবং মন্ত্রণালয়ের সচিব উক্ত বিবরণ বিপদজনক পদার্থ ও বিপদজনক বর্জ্য সংক্রান্ত জাতীয় কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করার পদক্ষেপ গ্রহণ করিবেন।

১২। অন্যান্য দুর্ঘটনা সম্পর্কে অবহিতকরণ।- বিধি ১০ এ উল্লিখিত বড় দুর্ঘটনা ব্যতীত অন্যান্য দুর্ঘটনার ক্ষেত্রে প্রত্যেক পরিচালনকারী তাহার কার্যক্রমস্থলে বা পাইপলাইনে কোন দুর্ঘটনা ঘটিবার সময় হইতে ৪৮ (আটচল্লিশ) ঘন্টার মধ্যে ছক-১ অনুসারে মহাপরিচালক সমীপে একটি প্রতিবেদন দাখিল করিবেন।

১৩। বিপদজনক বর্জ্য সংক্রান্ত শিল্প প্রতিষ্ঠান ও কারখানার বার্ষিক প্রতিবেদন।- প্রত্যেক শিল্প প্রতিষ্ঠান ও কারখানার পরিচালনকারী প্রত্যেক জানুয়ারী মাসের ৩১ তারিখের মধ্যে পূর্ববর্তী ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরে উৎপাদিত ও বিলিবন্দেজকৃত বিপদজনক বর্জ্য সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন ছক-২ অনুসারে মহাপরিচালক সমীপে দাখিল করিবেন।

১৪। তথ্য সংগ্রহ, প্রক্রিয়া ও প্রকাশকরণ।- (১) প্রত্যেক শিল্প প্রতিষ্ঠান এবং কারখানা পরিচালনকারী তাহার কার্যক্রমস্থলে গৃহীত বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্যের প্রত্যেক কনসাইনমেন্ট (consignment) বা লট (lot) এর জন্য তফসিল ৮ অনুসারে নিরাপত্তা তথ্য বিবরণী (safety data sheet) প্রস্তুত করিয়া রাখিবেন এবং অধিদপ্তরের পরিদর্শক বা মহাপরিচালক কর্তৃক এতদুদ্দেশ্যে মোতায়নকৃত কর্মকর্তা বা কোন ফৌজদারী মামলার তদন্তকারী কর্মকর্তা যে কোন সময় উক্ত নিরাপত্তা তথ্য তালিকা পর্যালোচনা করিতে পারিবেন।

(২) মহাপরিচালক বা কোন ফৌজদারী মোকদ্দমার তদন্তকারী কর্মকর্তা উপ-বিধি (১) এ উল্লিখিত নিরাপত্তা তথ্য বিবরণী (safety data sheet) এর অনুলিপি সরবরাহের জন্য অনুরোধ করিলে সংশ্লিষ্ট পরিচালনকারী তাহা অবিলম্বে সরবরাহ করিবেন।

১৫। বিপদজনক পদার্থ ও বিপদজনক বর্জ্য আমদানী ও রপ্তানী।- (১) বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য আমদানীর ক্ষেত্রে ঋণপত্র (letter of credit) খোলার পূর্বে, রপ্তানীর ক্ষেত্রে জাহাজীকরণ (shipment) এর পূর্বে অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করিতে হইবে।

(২) সম্ভাব্য যেই সময় আমদানীর জন্য ঋণ পত্র খোলা হইবে অথবা রপ্তানীর জন্য জাহাজে বোঝাই করা হইবে তাহার ন্যূনতম ৬০(ষাট) দিন পূর্বে উপ-বিধি (১) এ উল্লিখিত ছাড়পত্রের জন্য বিস্তারিত তথ্য সম্বলিত দরখাস্ত অধিদপ্তরে দাখিল করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত দরখাস্ত প্রাপ্তির তারিখ হইতে ২১ (একুশ) দিনের মধ্যে অধিদপ্তরের হেতুভিত্তিক মতামতসহ তাহা বিপদজনক পদার্থ ও বিপদজনক বর্জ্য সংক্রান্ত

জাতীয় কমিটির সিদ্ধান্তের জন্য পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সচিব সমীপে প্রেরণ করিতে হইবে।

(৪) পরিবেশ ও বন মন্ত্রণালয় উপ-বিধি (৩) এ উল্লিখিত দরখাস্ত ও উহার উপর অধিদপ্তরের মতামত প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে বিপদজনক পদার্থ ও বিপদজনক বর্জ্য সংক্রান্ত জাতীয় কমিটির সভা অনুষ্ঠান করিয়া কমিটির সিদ্ধান্ত পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে অধিদপ্তরকে অবহিত করিবে।

(৫) উপ-বিধি (৪) এ উল্লিখিত সিদ্ধান্ত প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে অধিদপ্তর প্রাসংগিক ছাড়পত্র ইস্যু করিবে অথবা ছাড়পত্র ইস্যু করা না হইলে উহার কারণ দরখাস্তকারীকে পত্র দ্বারা অবহিত করিবে।

(৬) উপ-বিধি (৫) এ উল্লিখিত পত্রে উদ্ধৃত ঘাটতি পূরণ বা অসুবিধা দূরীকরণের পর ছাড়পত্রের জন্য পুনরায় দরখাস্ত করা যাইবে।

(৭) ছাড়পত্রের জন্য প্রত্যেক দরখাস্তের সহিত পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর বিধি ১৬ এ বর্ণিত পদ্ধতিতে বিধি ১৪ এ বর্ণিত পরিমাণ ফি পরিশোধের ট্রেজারী চালান দাখিল করিতে হইবে।

(৮) আবেদিত ছাড়পত্র ইস্যু না করার ক্ষেত্রে উপ-বিধি (৫) এ উল্লিখিত পত্রের সহিত ছাড়পত্র ফি বাবদ দরখাস্তের সহিত দাখিলকৃত সম্পূর্ণ টাকা দরখাস্তকারীর অনুকূলে ফেরৎ প্রদান মহাপরিচালক নিশ্চিত করিবেন।

(৯) বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য আমদানীর ক্ষেত্রে আমদানীকারক তফসিল ৯ অনুসারে রেকর্ড সংরক্ষণ করিবেন এবং অধিদপ্তরের পরিদর্শক বা মহাপরিচালক কর্তৃক মোতায়নকৃত অন্য কোন কর্মকর্তা বা কোন ফৌজদারী মোকদ্দমার তদন্তকারী কর্মকর্তা উক্ত রেকর্ড এবং উক্ত পদার্থ বা বর্জ্য গুদামে রাখা অবস্থায় বা পরিবহণকালে বা ব্যবহারের সময় পরিদর্শন ও প্রয়োজনীয় নমুনা সংগ্রহ করিতে পারিবেন এবং তফসিল ৯ অনুসারে সংরক্ষিত রেকর্ড পর্যালোচনা করিতে পারিবেন।

১৬। কতিপয় ক্ষেত্রে বিপদজনক বর্জ্য আমদানী বা রপ্তানীর ছাড়পত্র দেওয়া যাইবে না।- (১) শুধু আঁস্‌তাকুড়ে বা পাঁশকুড়ে ফেলার নিমিত্ত (for dumping and disposal) কোন বিপদজনক বর্জ্য বাংলাদেশে আমদানী করার জন্য অথবা বাংলাদেশ হইতে রপ্তানী করার জন্য কোন ছাড়পত্র দেওয়া যাইবে না।

(২) তফসিল ১০ এ বর্ণিত কোন বিপদজনক বর্জ্য দ্বারা দূষিত (contaminated) বা উক্ত বিপদজনক বর্জ্য সম্বলিত কোন পদার্থ বা বর্জ্য আমদানী বা রপ্তানী করার জন্য কোন ছাড়পত্র দেওয়া যাইবে না।

১৭। অধিদপ্তরের ছাড়পত্র না দেখিয়া বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য আমদানী বা রপ্তানীর লাইসেন্স বা পারমিট ইস্যু করা যাইবে না।- কোন বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য আমদানী বা রপ্তানীর জন্য অধিদপ্তর কর্তৃক যথাযথ ছাড়পত্র ইস্যু করা হইয়াছে মর্মে নিশ্চিত হওয়ার পর আমদানী বা রপ্তানীর লাইসেন্স বা পারমিট ইস্যু করা যাইবে।

১৮। বাসেল কনভেনশন (Basel Convention)।- বিপদজনক পদার্থ এবং বিপদজনক বর্জ্য এর প্রত্যেক আমদানীকারক এবং প্রত্যেক রপ্তানীকারক বাসেল কনভেনশন এর শর্তাবলী পূঙ্খানুপূঙ্খভাবে মানিয়া চলিবেন।

১৯। অবৈধ চলাচল (illegal traffic)।- (১) বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য এর কোন চালান বা consignment বা lot এর চলাচল (movement) অবৈধ চলাচল (illegal traffic) বলিয়া গণ্য হইবে—

(অ) যদি তাহা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিনানুমতিতে হইয়া থাকে; অথবা

(আ) যদি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমতি থাকে, কিন্তু উক্ত অনুমতি মিথ্যাচার বা শঠতার মাধ্যমে লাভ করা হইয়া থাকে; অথবা

(ই) যদি সংশ্লিষ্ট দলিলপত্রের সহিত বাস্তবে মালামালের গরমিল হয়।

(২) অবৈধভাবে রপ্তানীকৃত বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য রপ্তানীকারক গন্তব্য বন্দরের নিকটবর্তী বহিঃনোঙ্গরে পৌঁছার তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিজ খরচে ফেরৎ নিতে বাধ্য থাকিবে।

(৩) উপ-বিধি (২) অনুসারে যদি অবৈধভাবে রপ্তানীকৃত বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য ফেরৎ নেওয়া কোন নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে সম্ভবপর না হয় অথবা তদ্রূপ কারণে ফেরৎ প্রেরণ করা সম্ভবপর না হয় সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট চালানের সমুদয় মাল আটক করিয়া বিনষ্ট করিয়া দেওয়া হইবে এবং ইহাতে যে ব্যয় হইবে তাহা সম্পূর্ণরূপে সংশ্লিষ্ট বাংলাদেশী আমদানীকারক বা, ক্ষেত্রমত, রপ্তানীকারকের নিকট হইতে আদায় করা হইবে।

২০। জাহাজ ভাঙ্গা।- (১) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ২ এর দফা (৬১)-তে প্রদত্ত শিল্প প্রতিষ্ঠানের সংজ্ঞায় জাহাজ ভাঙ্গা অন্তর্ভুক্ত বিধায় এবং ভাঙ্গার জন্য আমদানীকৃত বা বাছাইকৃত বা ধার্য জাহাজে সাধারণতঃ বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য থাকে বিধায় প্রতিটি জাহাজ ভাঙ্গার কার্যক্রম শুরু করার আগে অধিদপ্তর হইতে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদনপত্র দাখিলের ক্ষেত্রে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর বিধি ৭, ১৪ ও ১৬ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

(৩) প্রতিটি জাহাজ ভাঙ্গার ক্ষেত্রে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন অধিদপ্তরে দাখিল করার আগে সংশ্লিষ্ট জাহাজে কি কি বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য কি পরিমাণে বিদ্যমান তাহা অধিদপ্তরের তালিকাভুক্ত বিপদজনক পদার্থ নিরীক্ষক দ্বারা নিরূপণ করাইয়া লইতে হইবে এবং উক্ত নিরীক্ষকের একটি প্রতিবেদন পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে।

(৪) প্রতিটি জাহাজ ভাঙ্গার ক্ষেত্রে পরিচালনকারীর দায়িত্ব হইবে -

(অ) সংশ্লিষ্ট জাহাজে বিদ্যমান বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্যের পদওয়ানী বিস্তারিত বিবরণ সংরক্ষণ করা;

(আ) সংশ্লিষ্ট জাহাজে বিদ্যমান বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্যের নিরাপত্তা তথ্য বিবরণী (safety data sheet) তফসিল ১১ অনুসারে সংরক্ষণ করা;

- (ই) সংশ্লিষ্ট জাহাজ হইতে বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য কখন, কাহার নিকট বা কোথায় কি পরিমাণে বিক্রয় করা বা সরবরাহ করা বা পরিত্যাগ করা হয় তাহার বিস্তারিত বিবরণ সংরক্ষণ করা;
- (ঈ) সংশ্লিষ্ট জাহাজে বিদ্যমান বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য হ্যাণ্ডলিং এর জন্য এমন সতর্ক পদক্ষেপ গ্রহণ করা যাহাতে কোন প্রকার দুর্ঘটনা ঘটিবার আশংকা না থাকে;
- (উ) জাহাজ ভাঙ্গা সংক্রান্ত কার্যক্রমের বিভিন্ন পর্যায়ে অংশগ্রহণকারী কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের সম্ভাব্য দুর্ঘটনা প্রতিরোধ এবং দুর্ঘটনার পর করণীয় ও অকরণীয় সম্পর্কে পর্যাপ্ত প্রশিক্ষণদান এবং প্রয়োজনীয় সরঞ্জামাদি দ্বারা সজ্জিতকরণ ও প্রয়োজনীয় ঔষধপত্র ও রাসায়নিক পদার্থ সংশ্লিষ্ট জাহাজ ভাঙ্গার স্থলে সহজলভ্যকরণ;
- (ঊ) সংশ্লিষ্ট জাহাজে বিদ্যমান বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্য হ্যাণ্ডলিং করার জন্য বা বিনষ্ট করার জন্য মহাপরিচালক কর্তৃক কোন নির্দেশনা প্রদান করা হইয়া থাকিলে তাহা পুঙ্খানুপুঙ্খভাবে পালন করা;
- (ঋ) প্রত্যেক জাহাজ ভাঙ্গার স্থলে জরুরী অবস্থা মোকাবিলার জন্য তফসিল ১২ এ উল্লিখিত তথ্যাদিসহ বিস্তারিত পরিকল্পনা জাহাজ ভাঙ্গা শুরু করার পূর্বে প্রস্তুত করিয়া এক প্রস্থ মহাপরিচালক সমীপে দাখিল করা এবং উহার পর্যাপ্ত কপি সংশ্লিষ্ট জাহাজ ভাঙ্গার স্থলে সংরক্ষণ করা;
- (এ) জাহাজ ভাঙ্গার ক্ষেত্রে সম্ভাব্য দুর্ঘটনার প্রকৃতি, দুর্ঘটনার সময় ও দুর্ঘটনার অব্যবহিত পর করণীয় ও অকরণীয় সম্পর্কে স্থানীয় জনসাধারণের মাঝে সচেতনতা সৃজনের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের মাধ্যমে ব্যাপক প্রচার কার্য পরিচালনার উদ্যোগ গ্রহণ করা;
- (ঐ) জাহাজ ভাঙ্গার স্থলে কোন প্রকার দুর্ঘটনা ঘটিলে উক্ত দুর্ঘটনা সংঘটিত হওয়ার ৪৮ (আটচল্লিশ) ঘন্টার মধ্যে তফসিল ১৩ অনুসারে প্রাসঙ্গিক তথ্যাদি মহাপরিচালক সমীপে দাখিল করা;

(৩) প্রত্যেক জাহাজে বিদ্যমান বিপদজনক পদার্থ বা বিপদজনক বর্জ্যের সর্বশেষ অংশ চূড়ান্তরূপে বিলিবন্দেজ (final disposal) করার পর তিন বৎসর পর্যন্ত এই বিধিতে উল্লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করা;

(৫) Green Peace এর তালিকাভুক্ত কোন জাহাজ ভাঙ্গার জন্য পরিবেশগত ছাড়পত্র প্রদান করা যাইবে না।

২১। বর্জ্য সৃজনকারী এবং ব্যবহারকারীর দায়িত্ব।- (১) তফসিল ১৪ এ বর্ণিত লৌহজাত নহে এমন ধাতব বর্জ্য বা ব্যবহৃত তৈল বা বর্জ্য তৈল সৃজনকারী শিল্প প্রতিষ্ঠান বা কারখানার পরিচালনকারী তাহার কার্যক্রমে সৃজিত ধাতব বর্জ্য বা ব্যবহৃত তৈল বা বর্জ্য তৈল কমপক্ষে ১২০ (এক শত বিশ) দিনের জন্য পরিবেশগত ছাড়পত্রধারী ব্যতীত অন্য কাহারও নিকট বিক্রয় বা হস্তান্তর করিতে পারিবেন না।

(২) তফসিল ১৫ এ বর্ণিত মাত্রা বহির্ভূত বর্জ্য তৈল বিপদজনক বর্জ্য পোড়ানোর চুল্লীতে পোড়াইয়া নিষ্পন্ন করা ব্যতীত অন্য কাহারও নিকট দান, প্রদান বা বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না এবং উক্ত বর্জ্য তৈল সৃজনকারীর অথবা পরিবেশগত ছাড়পত্রধারী বিপদজনক বর্জ্য পোড়ানোর অঙ্গরিণীর মালিক বা দখলকারকের দখলে ছাড়া অন্য কাহারও দখলে রাখা যাইবে না।

(৩) বিপদজনক বর্জ্য সৃজনকারী তাহার কার্যক্রমে সৃজিত বর্জ্য সৃজনের তারিখ হইতে ৯০ (নব্বই) দিনের বেশী জমা রাখিতে পারিবেন না এবং কোন বিপদজনক বর্জ্যের ক্রেতা বা গ্রহীতা তাহার ক্রীত বা গৃহীত বর্জ্য ক্রয় বা গ্রহণের তারিখ হইতে ৯০ (নব্বই) দিনের বেশী জমা রাখিতে পারিবেন না।

(৪) লৌহজাত নহে এমন ধাতব বর্জ্য, ব্যবহৃত তৈল এবং বর্জ্য তৈল সৃজনকারী প্রত্যেক শিল্প প্রতিষ্ঠান ও কারখানা পরিচালনকারী প্রত্যেক গ্রেগরিয়ান পঞ্জিকা বর্ষ শেষে ৩১শে জানুয়ারী তারিখের মধ্যে ছক-৩ অনুসারে বার্ষিক বিবরণী মহাপরিচালক সমীপে দাখিল করিবেন।

(৫) লৌহজাত নহে এমন ধাতব বর্জ্য, ব্যবহৃত তৈল এবং বর্জ্য তৈল এর প্রত্যেক পুনর্ব্যবহারোপযোগীকারী (recycler), পুনঃপরিশোধনকারী (re-refiner) এবং পোড়াইয়া বিনষ্টকারী চুল্লীর পরিচালনকারী প্রত্যেক গ্রেগরিয়ান পঞ্জিকা বৎসরান্তে ৩১শে জানুয়ারী তারিখের মধ্যে ছক-৪ অনুসারে বার্ষিক বিবরণী মহাপরিচালক সমীপে দাখিল করিবেন।

(৬) প্রত্যেক বিপদজনক বর্জ্য সৃজনকারী, পুনর্ব্যবহারোপযোগীকারী এবং পুনঃপরিশোধনকারী পরিবেশসম্মত প্রযুক্তি বা প্রক্রিয়া অনুসরণ করিবেন।

২২। দণ্ড।- আইনের ধারা ১৫ এর উপধারা (২) এর বিধান অনুসারে এই বিধিমালার কোন বিধান লঙ্ঘন বা অনুসরণ না করা হইলে তাহা হইবে এক একটি স্বতন্ত্র অপরাধ এবং এইরূপ প্রত্যেক অপরাধ ২ (দুই) বৎসর পর্যন্ত কারাদণ্ড বা ২ (দুই) লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবে।

২৩। জটিলতা নিরসনে সরকারের ক্ষমতা।- সরকার, এই বিধিমালার বিধানের অস্পষ্টতার কারণে বিধিমালার অধীন ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে, সাধারণ বা বিশেষ আদেশ জারীর মাধ্যমে, উক্ত বিধানের স্পষ্টীকরণ বা ব্যাখ্যা প্রদান করতঃ উক্ত বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা দিতে পারিবে।

তফসিল - ১

[বিধি ৩ (ঢ)]

অংশ-১

(অ) বিষাক্ত রাসায়নিক পদার্থ

যে সকল রাসায়নিক পদার্থের বিষাক্ততার তীব্রতা নিবোধিত মানের এবং যে সকল রাসায়নিক পদার্থ স্বীয় প্রাকৃতিক বা ভৌত এবং রাসায়নিক ধর্ম হেতু বড় দুর্ঘটনা ঘটাইতে সক্ষম :

ক্রমিক নম্বর	বিষাক্ততা	সেবন বিষাক্ততা (Oral Toxicity) LD ⁵⁰ (mg/kg)	স্পর্শ বিষাক্ততা (Dermal Toxicity) LD ⁵⁰ (mg/kg)	স্বাণ বিষাক্ততা (Inhalation Toxicity) LC ⁵⁰ (mg/kg)
১.	অত্যন্ত বিষাক্ত (Extremely toxic)	>৫	<৪০	<0.5
২.	অতি বিষাক্ত (Highly toxic)	>৫-৫০	>৪০-২০০	<0.5-20
৩.	বিষাক্ত (Toxic)	>৫০-২০০	>২০০-১০০০	>2-10

(আ) দাহ্য রাসায়নিক পদার্থ :

(১) দাহ্য (flammable gases)

যে গ্যাস ২০° সেলসিয়াস বা তদূর্ধ্ব তাপমাত্রায় এবং ১০১.৩ KPa মানের চাপে -

- ১) ১৩% বা কম ঘনমানের সহিত বাতাসের সংমিশ্রণে প্রজ্বলনযোগ্য; অথবা
- ২) বাতাসের সহিত দহনীয়তার উচ্চ সীমা ১২%, নিম্ন সীমা যাহা হউক না কেন।

ব্যাখ্যা : International Standards Organization এর ISO Number 10156 of 1990 এ অনুসৃত পদ্ধতি অনুসারে অথবা Bangladesh Standards and Testing Institute (BSTI) কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে দহনীয়তা নিরূপণ করা হইবে।

(২) সর্বোচ্চ দাহ্য তরল পদার্থ (extremely flammable liquids)

যে রাসায়নিক পদার্থের জ্বলনাঙ্ক (flash point) ২৩° সেলসিয়াস বা তদনিবে এবং স্ফটনাঙ্ক (boiling point) ৩৫° সেলসিয়াস এর নিবে।

(৩) অত্যুচ্চ দাহ্য তরল পদার্থ (very highly flammable liquids)

যে রাসায়নিক পদার্থের জ্বলনাঙ্ক (flash point) ২৩° সেলসিয়াস বা তদনিবে এবং প্রারম্ভিক স্ফটনাঙ্ক (boiling point) ৩৫° সেলসিয়াস এর উর্ধে।

(৪) উচ্চ দাহ্য তরল পদার্থ (highly flammable liquids)

যে রাসায়নিক পদার্থের জ্বলনাঙ্ক (flash point) ৩৫° সেলসিয়াস এর উর্ধে, কিন্তু ৬০° সেলসিয়াস এর উর্ধে নহে।

(৫) দাহ্য তরল পদার্থ (flammable liquids)

যে রাসায়নিক পদার্থের জ্বলনাঙ্ক (flash point) ৬০° সেলসিয়াস এর উর্ধে, কিন্তু ৯০° সেলসিয়াস এর উর্ধে নহে।

(ই) বিস্ফোরক (Explosive)

এমন কঠিন বা তরল বা আতশবাজির কাজে ব্যবহারযোগ্য দ্রব্য -

(১) যাহা নিজের মধ্যে রাসায়নিক বিক্রিয়ার ফলে এমন তাপ, চাপ ও গতির গ্যাস সৃজন করতে পারে যাহা চতুর্পার্শ্বে ক্ষতি সাধনে সক্ষম; অথবা

(২) যাহা অবিস্ফোরক স্বয়ং তাপোৎপাদী রাসায়নিক বিক্রিয়ার ফলে তাপ, আলো, শব্দ, গ্যাস বা ধূম বা এই সবের সমষ্টি সৃজন করিতে পারে।

অংশ-২

ক্রমিক নং	বিপদজনক পদার্থের নাম (Name of Hazardous Chemicals)	ক্রমিক নং	বিপদজনক পদার্থের নাম (Name of Hazardous Chemicals)
--------------	---	--------------	---

১.	এ্যাসিটালডিহাইড (Acetaldehyde)	২০.	এ্যালুমিনিয়াম এ্যাজাইড (Aluminium azide)
২.	এসিটিক এসিড (Acetic acid)	২১.	এ্যালুমিনিয়াম বোরোহাইড্রাইড (Aluminium borohydride)
৩.	এসিটিক অ্যানহাইড্রাইড (Acetic anhydride)	২২.	এ্যালুমিনিয়াম ক্লোরাইড (Aluminium chloride)
৪.	এসিটোন (Acetone)	২৩.	এ্যালুমিনিয়াম ফ্লুরাইড (Aluminium fluoride)
৫.	এসিটোন সায়ানোহাইড্রিন (Acetone cyanohydrin)	২৪.	এ্যালুমিনিয়াম ফসফেট (Aluminium phosphide)
৬.	এসিটোন থায়োক্যার্বাইড (Acetone thiosemicarbazide)	২৫.	এমাইনো ডাইফেনাইল (Amino diphenyl)
৭.	এসিটোনাইট্রাইল (Acetonitrile)	২৬.	এমাইনো পাইরিডিন (Amino pyridine)
৮.	এসিটিলিন (Acetylene)	২৭.	এমাইনোফেনল-২ (Aminophenol-2)
৯.	এসিটিলিন টেট্রা ক্লোরাইড (Acetylene tetra chloride)	২৮.	এমাইনোপ্টেরিন (Aminopterin)
১০.	এক্রোলিন (Acrolein)	২৯.	এমাইটোন (Amiton)
১১.	এক্রিলামাইড (Acrylamide)	৩০.	এমাইটোন ডায়ালেট (Amiton dialate)
১২.	এক্রিলোনাইট্রাইল (Acrylonitrile)	৩১.	অ্যামোনিয়া (Ammonia)
১৩.	এডিপোনাইট্রাইল (Adiponitrile)	৩২.	অ্যামোনিয়াম ক্লোরো প্লাটিনেট (Ammonium chloro platinate)
১৪.	(Aldicarb)	৩৩.	অ্যামোনিয়াম নাইট্রেট (Ammonium nitrate)
১৫.	এ্যালড্রিন (Aldrin)	৩৪.	অ্যামোনিয়াম নাইট্রাইট (Ammonium nitrite)
১৬.	এ্যালাইল এলকোহল (Allyl alcohol)	৩৫.	অ্যামোনিয়াম পিক্রেট (Ammonium picrate)
১৭.	এ্যালাইল অ্যামাইন (Allyl amine)	৩৬.	এনাবেসিন (Anabesine)
১৮.	এ্যালাইল ক্লোরাইড (Allyl chloride)	৩৭.	এনিলিন (অহরষরহব)
১৯.	এ্যালুমিনিয়াম (পাউডার) (Aluminium (powder))		

ক্রমিক নং	বিপদজনক পদার্থের নাম (Name of Hazardous Chemicals)	ক্রমিক নং	বিপদজনক পদার্থের নাম (Name of Hazardous Chemicals)
৩৮.	এনিলিন ২, ৪, ৬-ট্রাইমিথাইল (Aniline 2,4, 6-Trimethyl)	৭০.	বাইফিনাইল (Biphenyl)
৩৯.	অ্যানথ্রাকুইনোন (Anthraquinone)	৭১.	বিস (২-ক্লোরোইথাইল) সালফাইড (Bis (2-Chloroethyl) sulphide)
৪০.	এন্টিমনি পেন্টাফ্লুরাইড (Antimony pentafluoride)	৭২.	বিস (ক্লোরোমিথাইল) কিটোন (Bis (Chloromethyl) Ketone)
৪১.	এন্টিমাইসিন এ (Antimycin A)	৭৩.	বিস (টের্টি-বিউটাইল পারক্সি) সাইক্লোহেক্সেন (Bis (Tert-butyl peroxy) cyclohexane)
৪২.	এএনটিইউ (ANTU)	৭৪.	বিস (টারবিউটাইল পারক্সি) বিউটেন (Bis (Terbutylperoxy) butane)
৪৩.	আর্সেনিক পেন্টোক্সাইড (Arsenic pentoxide)	৭৫.	বিস (২, ৪, ৬-ট্রাইনাইট্রোফিনাইল) এমিন (Bis(2,4, 6-Trinitrophenylamine))
৪৪.	আর্সেনিক ট্রাইক্সাইড (Arsenic trioxide)	৭৬.	বিস (ক্লোরোমিথাইল) ইথার (Bis (Chloromethyl) Ether)
৪৫.	আর্সেনিয়াস ট্রাইক্লোরাইড (Arsenous trichloride)	৭৭.	বিসমুথ এবং এর যৌগসমূহ (Bismuth and compounds)
৪৬.	আর্সিন (Arsine)	৭৮.	বিসফেনল-এ (Bisphenol-A)
৪৭.	অ্যাসফল্ট (Asphalt)	৭৯.	বিটোস্ক্যানাট (Bitoscanate)
৪৮.	অ্যাজিনফো-ইথাইল (Azinpho-ethyl)	৮০.	বোরন পাউডার (Boron Powder)
৪৯.	অ্যাজিনফো মিথাইল (Azinphos methyl)	৮১.	বোরন ট্রাইক্লোরাইড (Boron trichloride)
৫০.	ব্যাক্সিট্রাসিন (Bacitracin)	৮২.	বোরন ট্রাইফ্লুরাইড (Boron trifluoride)
৫১.	বেরিয়াম অ্যাজাইড (Barium azide)	৮৩.	মিথাইল ইথার ১, ১ সহ বোরন ট্রাইফ্লুরাইড যৌগ (Boron trifluoride comp. With methylether, 1:1)
৫২.	বেরিয়াম নাইট্রেট (Barium nitrate)	৮৪.	ব্রোমিন (Bromine)
৫৩.	বেরিয়াম নাইট্রাইড (Barium nitride)	৮৫.	ব্রোমিন পেন্টাফ্লুরাইড (Bromine pentafluoride)
৫৪.	বেনজোল ক্লোরাইড (Benzal chloride)	৮৬.	ব্রোমো ক্লোরো মিথেন (Bromo chloro methane)
৫৫.	বেনজেনামিন, ৩-ট্রাইফ্লুরোমিথাইল (Benzenamine, 3-Trifluoromethyl)	৮৭.	ব্রোমোডায়ালোন (Bromodialone)
৫৬.	বেনজিন (Benzene)	৮৮.	বিউটাডাইন (Butadiene)
৫৭.	বেনজিন সালফোনাইল ক্লোরাইড (Benzene sulfonyl chloride)	৮৯.	বিউটেন (Butane)
৫৮.	বেনজিন, ১-(ক্লোরোমিথাইল)-৪ নাইট্রো (Benzene. 1-(chloromethyl)-4 Nitro)	৯০.	বিউটানোন-২ (Butanone-2)
৫৯.	বেনজিন আর্সেনিক এসিড (Benzene arsenic acid)	৯১.	বিউটাইল এমাইন টার্ট (Butyl amine tert)
৬০.	বেনজিডাইন (Benzidine)	৯২.	বিউটাইল গ্লাইসিডাল ইথার (Butyl glycidal ether)
৬১.	বেনজিডাইন সল্ট (Benzidine salts)	৯৩.	বিউটাইল আইসোভ্যালারেট (Butyl isovalarate)
৬২.	বেনজিমাইডাজোল, ৪, ৫-ডাইক্লোরো-২ (ট্রাইফ্লুরোমিথাইল) (Benzimidazole. 4, 5-Dichloro-2 (Trifluoromethyl))	৯৪.	বিউটাইল পারক্সিম্যালেরেট টার্ট (Butyl peroxy maleate tert)
৬৩.	বেনজোকুইনোন-পি (Benzoquinone-P)	৯৫.	বিউটাইল ভিনাইল ইথার (Butyl vinyl ether)
৬৪.	বেনজোট্রিক্লোরাইড (Benzotrichloride)	৯৬.	বিউটাইল-এন-মারক্যাপটান (Butyl-n-mercaptan)
৬৫.	বেনজোইল ক্লোরাইড (Benzoyl chloride)	৯৭.	সি আই বেসিক গ্রীণ (C.I. Basic green)
৬৬.	বেনজোইল পারক্সাইড (Benzoyl peroxide)	৯৮.	ক্যাডমিয়াম অক্সাইড (Cadmium oxide)
৬৭.	বেনজাইল ক্লোরাইড (Benzyl chloride)	৯৯.	ক্যাডমিয়াম স্টিয়ারেট (Cadmium stearate)
৬৮.	বেরিলিয়াম (পাউডার) (Beryllium (Powder))		
৬৯.	বাইসাইক্লো (২, ২, ১) হেপ্টেন-২-কার্বোনাইল (Bicyclo (2, 2, 1) Heptane -2- carbonitrile)		

ক্রমিক নং	বিপদজনক পদার্থের নাম (Name of Hazardous Chemicals)	ক্রমিক নং	বিপদজনক পদার্থের নাম (Name of Hazardous Chemicals)
১০০.	ক্যালসিয়াম আর্সিনেট (Calcium arsenate)	১৩৪.	ক্লোরোনাইট্রোবেনজিন (Chloronitrobenzene)
১০১.	ক্যালসিয়াম কার্বাইড (Calcium carbide)	১৩৫.	ক্লোরোফেসিনোন (Chlorophacinone)
১০২.	ক্যালসিয়াম সায়ানাইড (Calcium cyanide)	১৩৬.	ক্লোরোসালফনিক এসিড (Chlorosulphonic acid)
১০৩.	ক্যাফ্লোর (টোক্সাফেন) (Camphechlor (Toxaphene))	১৩৭.	ক্লোরোথিওফস (Chlorothiophos)
১০৪.	ক্যানথারিডিন (Cantharidin)	১৩৮.	ক্লোরোজুরোন (Chloroxuron)
১০৫.	ক্যাপটান (Captan)	১৩৯.	ক্রোমিক এসিড (Chromic acid)
১০৬.	কার্বাকোল ক্লোরাইড (Carbachol chloride)	১৪০.	ক্রোমিক ক্লোরাইড (Chromic chloride)
১০৭.	কার্বারিল (Carbaryl)	১৪১.	ক্রোমিয়াম পাউডার (Chromium powder)
১০৮.	কার্বোফুরান (ফুরাডান) (Carbofuran (Furadan))	১৪২.	কোবাল্ট কার্বোনাইল (Cobalt carbonyl)
১০৯.	কার্বন টেট্রাক্লোরাইড (Carbon tetrachloride)	১৪৩.	কোবাল্ট নাইট্রিলমিথাইলিডাইন যৌগ (Cobalt Nitrilmethylidyne compound)
১১০.	কার্বন ডাইসালফাইড (Carbon disulphide)	১৪৪.	কোবাল্ট পাউডার (Cobalt (Powder)
১১১.	কার্বন মনোক্সাইড (Carbon monoxide)	১৪৫.	কোলসিসাইন (Colchicine)
১১২.	কার্বনফেনোথিয়ন (Carbonphenothion)	১৪৬.	কপার এন্ড এর যৌগ (Copper and Compounds)
১১৩.	কারভোন (Carvone)	১৪৭.	কপারক্লোরাইড (Copperoxychloride)
১১৪.	সেলুলোজ নাইট্রেট (Cellulose nitrate)	১৪৮.	কউমাফুরাইল (Coumafuryl)
১১৫.	ক্লোরোএসিটিক এসিড (Chloroacetic acid)	১৪৯.	কউমাফস (Coumaphos)
১১৬.	ক্লোরডেন (Chlordane)	১৫০.	কউমাটেট্রালিল (Coumatetralyl)
১১৭.	ক্লোরোফেনভিনফস (Chlorofenvinphos)	১৫১.	ক্রাইমিডিন (Crimidine)
১১৮.	ক্লোরিনেটেড বেনজিন (Chlorinated benzene)	১৫২.	ক্রোটোনালডিহাইড (Crotenaldehyde)
১১৯.	ক্লোরিন (Chlorine)	১৫৩.	ক্রোটোনালডিহাইড (Crotonaldehyde)
১২০.	ক্লোরিন অক্সাইড (Chlorine oxide)	১৫৪.	কিউমিন (Cumene)
১২১.	ক্লোরিন ট্রাইফ্লুরাইড (Chlorine trifluoride)	১৫৫.	সায়ানোজেন ব্রোমাইড (Cyanogen bromide)
১২২.	ক্লোরমেফস (Chlormephos)	১৫৬.	সায়ানোজেন আয়োডাইড (Cyanongen iodide)
১২৩.	ক্লোরমেকোয়াট ক্লোরাইড (Chlormequat chloride)	১৫৭.	সায়ানোফস (Cyanophos)
১২৪.	ক্লোরোএসিটাল ক্লোরাইড (Chloroacetal chloride)	১৫৮.	সায়ানোথয়েট (Cyanothoate)
১২৫.	ক্লোরোএসিটালডিহাইড (Chloroacetaldehyde)	১৫৯.	সায়ানিউরিক ফ্লুরাইড (Cyanuric fluoride)
১২৬.	ক্লোরোএনিলিন-২ (Chloroaniline -2)	১৬০.	সাইক্লো হেক্সিলামাইন (Cyclo hexylamine)
১২৭.	ক্লোরোএনিলিন-৪ (Chloroaniline -4)	১৬১.	সাইক্লোহেক্সেন (Cyclohexane)
১২৮.	ক্লোরোবেনজিন (Chlorobenzene)	১৬২.	সাইক্লোহেক্সানন (Cyclohexanone)
১২৯.	ক্লোরোইথাইল ক্লোরোফর্মিট (Chloroethyl chloroformate)	১৬৩.	সাইক্লোহেক্সিমাইড (Cycloheximide)
১৩০.	ক্লোরোফর্ম (Chloroform)	১৬৪.	সাইক্লোপেন্টাডাইন (Cyclopentadiene)
১৩১.	ক্লোরোফর্মাইল মরফোলিন (Chloroformyl morpholine)	১৬৫.	সাইক্লোপেন্টেন (Cyclopentane)
১৩২.	ক্লোরোমিথেন (Chloromethane)	১৬৬.	সাইক্লোট্রাইমিথাইল এনিত্রামাইন (Cyclotetramethyl enetetranitramine)
১৩৩.	ক্লোরোমিথাইল মিথাইল ইথার (Chloromethyl methyl ether)	১৬৭.	সাইক্লোট্রাইমিথাইলিন এট্রিনাইট্রামাইন (Cyclotrimethylen etrinnitramine)
		১৬৮.	সাইপারমেথ্রিন (Cypermethrin)

ক্রমিক নং	বিপদজনক পদার্থের নাম (Name of Hazardous Chemicals)	ক্রমিক নং	বিপদজনক পদার্থের নাম (Name of Hazardous Chemicals)
১৬৯.	ডিডিটি (DDT)	১৯৮.	ডাইইথিলিন গ্লাইকোল ডাইনাইট্রেট (Diethylene glycol dinitrate)
১৭০.	ডেকাবোরেন (১:৪) (Decaborane (1 :4))	১৯৯.	ডাইইথিলিন ট্রায়ামাইন (Diethylene triamine)
১৭১.	ডেমিটন (Demeton)	২০০.	ডাইইথিলিন গ্লাইকোল বিউটাইল ইথার (Diethleneglycol butyl ether)
১৭২.	ডেমিটন এস-মিথাইল (Demeton S-Methyl)	২০১.	ডাইগ্লাইসিডাইল ইথার (Diglycidyl ether)
১৭৩.	ডাই-এন-প্রোপাইল পারক্সিডাইকার্বনেট (গাঢ়ত্ব=৮০%) (Di-n-propyl peroxydicarbonate (Conc = 80%))	২০২.	ডিজিটক্সিন (Digitoxin)
১৭৪.	ডায়ালিফস (Dialifos)	২০৩.	ডাইহাইড্রোপারক্সিপ্রোপেন (গাঢ়ত্ব>=৩০%) (Dihydroperoxypropane (Conc >=30%))
১৭৫.	ডায়াজোডাইনাইট্রোফেনল (Diazodinitrophenol)	২০৪.	ডাইসোবিউটাইল পারক্সাইড (Diisobutyl peroxide)
১৭৬.	ডাইবেনজাইল পারক্সিডাইকার্বনেট (গাঢ়ত্ব>=৯০%) (Dibenzyl peroxydicarbonate (Conc >= 90%))	২০৫.	ডাইমেফক্স (Dimefox)
১৭৭.	ডাইবোরেন (Diborane)	২০৬.	ডাইমেথয়েট (Dimethoate)
১৭৮.	ডাইক্লোরোএসিটিলিন (Dichloroacetylene)	২০৭.	ডাইমিথাইল ডাইক্লোরোসিলেন (Dimethyl dichlorosilane)
১৭৯.	ডাইক্লোরোবেনজোনিকোনিয়াম ক্লোরাইড (Dichlorobenzalkonium chloride)	২০৮.	ডাইমিথাইল হাইড্রাজিন (Dimethyl hydrazine)
১৮০.	ডাইক্লোরোইথাইল ইথার (Dichloroethyl ether)	২০৯.	ডাইমিথাইল নাইট্রোসোয়ামাইন (Dimethyl nitrosoamine)
১৮১.	ডাইক্লোরোমিথাইল ফেনিলসাইলেন (Dichloromethyl phenylsilane)	২১০.	ডাইমিথাইল পি ফেনিলিন ডায়ামিন (Dimethyl P phenylene diamine)
১৮২.	ডাইক্লোরোফেনল-২,৬ (Dichlorophenol – 2, 6)	২১১.	ডাইমিথাইল ফসফোরামিডি সায়ানাইড এসিড (টিএবিইউএম) (Dimethyl phosphoramidi cyanidic acid (TABUM))
১৮৩.	ডাইক্লোরোফেনল-২,৪ (Dichlorophenol – 2, 4)	২১২.	ডাইমিথাইল ফসফোরোক্লোরিডোথায়োয়েট (Dimethyl phosphorochloridothioate)
১৮৪.	ডাইক্লোরোফেনক্সি এসিটিক এসিড (Dichlorophenoxy acetic acid)	২১৩.	ডাইমিথাইল সুফোলেন (ডিএমএস) (Dimethyl sulfolane (DMS))
১৮৫.	ডাইক্লোরোপ্রোপেন- ২,২ (Dichloropropane – 2, 2)	২১৪.	ডাইমিথাইল সালফাইড (Dimethyl sulphide)
১৮৬.	ডাইক্লোরোস্যালিসাইলিক এসিড-৩,৫ (Dichlorosalicylic acid-3, 5)	২১৫.	ডাইমিথাইল এ্যামিন (Dimethylamine)
১৮৭.	ডাইক্লোরোভস (ডিডিভিপি) (Dichlorvos (DDVP))	২১৬.	ডাইমিথাইল এনিলিন (Dimethylaniline)
১৮৮.	ডাইক্রোটোফস (Dicrotophos)	২১৭.	ডাইমিথাইল কার্বোনিল ক্লোরাইড (Dimethylcarbonyl chloride)
১৮৯.	ডাইএলড্রিন (Dieldrin)	২১৮.	ডাইমেটিলান (Dimetilan)
১৯০.	ডাইপক্সি বিউটেন (Diepoxy butane)	২১৯.	ডাইনাইট্রো ও-ক্রেসল (Dinitro O-cresol)
১৯১.	ডাইইথাইল কারবামাজাইন সাইট্রেট (Diethyl carbamazine citrate)	২২০.	ডাইনাইট্রোফেনল (Dinitrophenol)
১৯২.	ডাইইথাইল ক্লোরোফসফেট (Diethyl chlorophosphate)	২২১.	ডাইনাইট্রোটলুইন (Dinitrotoluene)
১৯৩.	ডাইইথাইল ইথানোল্যামিন (Diethyl ethtanolamine)	২২২.	ডাইনোসেব (Dinoseb)
১৯৪.	ডাইইথাইল পারক্সিডাইকার্বনেট (গাঢ়ত্ব=৩০%) (Diethyl peroxydicarbonate (Conc=30%))	২২৩.	ডাইনিটার্ব (Diniterb)
